

**NYC**  
**Public  
Schools**

**PS+YOU**

চ্যান্সেলর কামার এইচ. স্যামুয়েলস্-এর পক্ষ থেকে একটি নিউজলেটার



চ্যান্সেলর হিসেবে আমার প্রথম সপ্তাহের উপর প্রতিফলন করছি

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

আপনার নিউ ইয়ার্ক সিটি পাবলিক স্কুলস্-এর চ্যান্সেলর হিসেবে আমার প্রথম সপ্তাহ হিসেবে বিগত সপ্তাহটি ছিল উদ্দীপনাময় এবং গভীর মর্মস্পৰ্শী। আমি পাঁচ বর্ষের বিভিন্ন স্কুল পরিদর্শন করেছি, এবং শিক্ষার্থী, স্টাফ, পরিবার, এবং কমিউনিটির সদস্যদের সাথে সাক্ষাৎ করেছি - এবং তাদের বিভিন্ন ধারণা ও প্রতিফলন অব্যাহতভাবে আমাকে অনুপ্রাণিত করে।

গত সোমবার, আমি ব্রঞ্জে অবস্থিত PS/MS 194-এর ক্লাসরুমগুলো পরিদর্শন করেছি, যেখানে আমি 2000 সনের প্রথম দিকে শিক্ষকতা করেছি। কিছু পরিচিত মুখ আমাকে স্বাগত জানিয়েছে, যাদের মধ্যে ছিল শুধু আমার সাথে দেখা করতে আসা প্রাক্তন শিক্ষার্থী আবদুল্লাহ (Abdulla)। তার উপস্থিতি বিশেষভাবে অর্থবহ ছিল। যখন আবদুল্লাহ (Abdulla) একজন শিক্ষার্থী ছিল, তখন এই স্কুলের একজন হিসেবে তার মাঝে কোনও গভীর অনুভূতি ছিল না। সেই সময়, আমি তার সাথে সকার খেলা এবং দৌড় প্রতিযোগিতার মাধ্যমে বিষয়টি নিরসনের চেষ্টা করেছিলাম। আমার পরিদর্শনের সময় সে আমাকে জানিয়েছে যে, সেই ছোট ছোট মুহূর্তগুলো তাকে প্রতীয়মান এবং অনুধাবিত বোধ করতে সহায়তা করেছে।

সেই অভিজ্ঞতা আমাদের আজকের কাজ সম্পর্কে আমার চিন্তা-ভাবনা অব্যাহতভাবে রূপায়িত করছে। আমি এমন একটি সিস্টেমের নেতৃত্ব দিতে অঙ্গীকারবদ্ধ যা শিক্ষার্থীকে সহায়তাদান, আন্তরিক পরিবেশ, এবং উচ্চ-মানসম্পন্ন, সংস্কৃতিকভাবে সংবেদনশীল শিক্ষা-নির্দেশনার প্রতি অগ্রাধিকার দেয়। 20 বছর যাবত NYCPSS-এর একজন শিক্ষাবিদ এবং নেতা হিসেবে, এবং দুজন NYCPSS-এর শিক্ষার্থীর গর্বিত বাবা হিসেবে, আমি বিশ্বাস করি যে প্রতিটি শিক্ষার্থীর নিরাপদ, শিক্ষায়তনিকভাবে কঠোর, এবং প্রকৃতপক্ষেই একীভূত স্কুল প্রাপ্য। আপনি আমার সাম্প্রতিক পরিবারদের প্রতি বার্তায় এই উদ্দিষ্ট ক্ষেত্রগুলো সম্পর্কে আরও জানতে পারেন।

আমাদের শিক্ষার্থীদের (আব্দুল্লার (Abdulla) মতো, যে তার পেশায় এখন উৎকর্ষ অর্জন করছে) উজ্জ্বল, সফল ভবিষ্যতের জন্য প্রস্তুত করার পথে আমি আপনাদের সাথে অংশিদারিত্ব করার প্রত্যাশা করছি।

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)  
চ্যাসেলর

বিভিন্ন সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, দ্যা মার্নিং বেল দেখুন, অথবা অনলাইনে ফেইসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPSS-কে অনুসরণ করুন।

NYCPSS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে আনসাবন্ডাইব-এ ক্লিক করুন।